



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ইস্যুকৃত

এ অংগীকারপত্র দ্বারা

আমরা.....কোং লিঃ এর এজেন্টগণ (অতঃপর এজেন্ট নামে অভিহিত) বাংলাদেশ জাহাজে নিয়োগপ্রাপ্ত নহেন এমন নাবিক/শিক্ষানবীশ নাবিক জনাব.....এর ভরণ পোষণ, স্বদেশ প্রত্যাগমন বা অন্য যে কোন খাতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সমস্ত খরচ হইবে তাহা বাংলাদেশ সরকারকে পরিশোধার্থে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার (অতঃপর সরকার বলিয়া অভিহিত) এর নিকট এতদ্বারা সংযুক্তভাবে এবং পৃথকভাবে দৃঢ় অংগীকারাবদ্ধ হইতেছি।

আমাদের সীলমোহর দ্বারা ২০.....সনের..... দিবসে সীলমোহরযুক্ত করা হইল।

যেহেতু উপরে বর্ণিত নাবিক/শিক্ষানবীশ নাবিক যিনি বাংলাদেশ জাহাজের নিয়োগপ্রাপ্ত হন নাই বিধায় বাংলাদেশ-এর চট্টগ্রাম বন্দরে জাহাজ হইতে তাকে নিষ্কৃতি প্রদানের উদ্দেশ্যে বাংলাদেশ সরকারের নিকট অনুমতির জন্য আবেদন করিয়াছেন এবং যেহেতু সরকার এজেন্ট কর্তৃক প্রদত্ত অংগীকারনামার উপর ভিত্তি করিয়া অনুমতি প্রদান করার জন্য এই শর্তে সম্মতি জ্ঞাপন করিয়াছেন যে সংশ্লিষ্ট নাবিক/শিক্ষানবীশ নাবিক জাহাজ হইতে নিষ্কৃতি প্রাপ্ত হইয়া.....বন্দরে ফেরত না যাওয়া পর্যন্ত যতদিন বাংলাদেশে অবস্থান করিবে ততদিন এজেন্টগণ তাহার ভরণ-পোষণ এবং স্বদেশে প্রত্যাগমনের খরচ বহন করিবেন এবং তাহার ভরণ-পোষণ ও স্বদেশ প্রত্যাগমন বা অন্য যে কোন খাতে সরকারের যদি কোন খরচ হয় তবে পরিশোধের জন্য অতঃপর বর্ণিত শর্তে অংগীকারাবদ্ধ থাকিবেন।

উপরিউক্ত লিখিত অংগীকারপত্রের শর্ত এই যে বর্ণিত নাবিক/শিক্ষানবীশ নাবিকের ভরণ-পোষণ এবং প্রত্যাগমনসহ অন্যান্য খরচাদি ও বাংলাদেশে অবস্থানকালে তাহার জাহাজ হইতে নিষ্কৃতিলাভের অনুমতির জন্য আনুষংগিক খরচাদি এজেন্টগণ বহন করিবেন এবং উক্ত.....কোং লিঃ ও সংশ্লিষ্ট নাবিকের মধ্যে সম্পাদিত চুক্তির কোন বরখোলাপ হইলেও তাহারা তাহার প্রত্যাগমনের ব্যবস্থাদি করিবেন এবং প্রয়োজনে এজেন্টগণ সংশ্লিষ্ট নাবিক/শিক্ষানবীশ নাবিকের বাংলাদেশের বন্দরে নিষ্কৃতি প্রদানের অনুমতিসহ তাহার ভরণ-পোষণ, প্রত্যাগমন এবং অন্য যে কোন খাতে যে খরচ হয়, ক্ষয়ক্ষতিই হউক তাহা সরকার, উহার উত্তরাধিকারী বা ভারপ্রাপ্ত ব্যক্তি অথবা কোন সরকারী কর্মচারীর মাধ্যমেই হউক না কেন তাহা পরিশোধ করিতে বাধ্য থাকিবেন অন্যথায় এতদসংক্রান্ত ব্যাপারে উপরোক্ত লিখিত অংগীকার বাতিল এবং অকার্যকর বলিয়া বিবেচিত হইবে কিন্তু অন্যথায় উহা পূর্ণ বলবৎ ও কার্যকর থাকিবে।

স্বাক্ষরিত, সীলমোহরকৃত ও বিজিকৃত

..... কর্তৃক

.....এর উপস্থিতিতে